



## সাবেক রাষ্ট্রপতি হামিদের বাড়িতে বিএনপির মিছিল থেকে হামলা



সংগৃহীত ছবি

কিশোরগঞ্জের মিঠামইন উপজেলায় সাবেক রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের ব্যক্তিগত বাড়িতে একদল লোকের আকস্মিক ঢল নামে। সোমবার (১৭ নভেম্বর) রাতের দিকে প্রায় দেড় ঘণ্টা ধরে বাড়টিকে লক্ষ্য করে হামলা ও ভাঙচুর চালানো হয়।

স্থানীয়দের মতে, জুলাইয়ের গণঅভ্যুত্থান নিয়ে দায়ের হওয়া মানবতাবিরোধী অপরাধ মামলায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল শেখ হাসিনা এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের মৃত্যুদণ্ডদেশ দেয়। রায় ঘোষণার পরপরই উপজেলা বিএনপির নেতৃত্বে একটি আনন্দ মিছিল বের হয়। মিছিলটি বাজার এলাকা অতিক্রম করার কিছুক্ষণ পর ২০-২৫ জনের একটি আলাদা দল রাষ্ট্রপতির বাড়ির দিকে ছুটে গিয়ে দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে। তারা ঘরের জানালা, টেবিল-চেয়ারসহ ভেতরের বেশ কিছু সামগ্রী ক্ষতিগ্রস্ত করে। হামলার সময় বাড়িতে আবদুল হামিদের পরিবারের কেউ উপস্থিত ছিলেন না, ফলে কোনো প্রাণহানি ঘটেনি।

মিঠামইন থানার ওসি আলমগীর কবির জানান, আনন্দ মিছিল শেষ হওয়ার পরই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে এবং ওই হামলার ঘটনা ঘটে। বাড়ির কয়েকটি ঘরের দরজা-জানালা, আসবাবপত্র ও ঝুলানো ছবিতে ভাঙচুরের চিহ্ন পাওয়া গেছে। তিনি বলেন, বর্তমানে এলাকাটি নিয়ন্ত্রণে রয়েছে এবং পুলিশ-সেনাবাহিনী ঘটনাস্থলে দায়িত্ব পালন করছে।